# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 APRIL 2026** **7:45—7:55**

---

(১) বাইশটি দেশের আর্ন্তজাতিক প্রতিনিধিদের আসাম, কেরলম্‌ ও পুডুচেরীর সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচনের প্রক্রিয়ার প্রশংসা/

(২) উত্তর করিমগঞ্জ বিধানসভা আসনের একটি ভোটগ্রহণ কেন্দ্রে আজ অনুষ্ঠিত পুর্নভোটগ্রহণ পর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন/ ৬১ শতাংশেরও বেশি ভোটদান/

(৩) শিলচরের কাছে বারিক নগরে আজ কাছাড় পুলিশের অভিযানে ২১৬ গ্রাম হেরোইন বাজেয়াপ্ত/ দুই ব্যক্তি আটক/

এবং

(৪) বৃহত্তর বাঙালি জাতিসত্তার ভাবনাকে সামনে রেখে আসন্ন ১৪৩৩ বঙ্গাব্দকে স্বাগত জানাতে বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের আগামী বুধবার উপত্যকার সকল জনগোষ্ঠীকে নিয়ে শোভাযাত্রা/

-------------------------------------------------------------------------------

২২ টি দেশের আন্তঃর্জাতিক প্রতিনিধি আসাম ,কেরলম ও পুদুচেরীর সদ্যসমাপ্ত বিধানসভা নির্বাচন প্রক্রিয়ার ভুরসী প্রশংসা করেছেন ।নির্বাচন কমিশন আয়োজিত আন্তর্জাতিক নির্বাচন দর্শনার্থী কার্যসূচী ২০২৬ এর অংশ হিসেবে বিধানসভা নির্বাচনের সময় মোট ৩৮ জন প্রতিনিধি ভারত সফরে এসেছিলেন । কমিশন এক বিবৃতিতে জানিয়েছে যে ত্রুটিহীন ভোটগ্রহণ ও ভোটদানের উচ্চ হার বিদেশী প্রতিনিধিদের আকৃষ্ট করেছে । দলটি নির্বাচন ব্যবস্থার বিভিন্ন দিক প্রত্যক্ষ করার সুযোগ লাভ করার জন্য নির্বাচন কমিশনকে কৃতজ্ঞতা প্রকাশ করা সহ স্বচ্ছ ,সর্বাত্মক ও উৎকৃষ্টতার প্রতি কমিশনের প্রতিশ্রুতিবদ্ধতার প্রশংসা করেছে ।

-----------------------------------------------------------------------------------

দেশ আজ সমাজ সংস্কারক তথা ভারতের নবজাগরণের অন্যতম পথিকৃৎ মহাত্মা জ্যোতিরাও ফুলে'র দ্বিশত-তম জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেছে । ১৮২৭ সালের আজকের দিনটিতে জন্মগ্রহণ করা মহাত্মা ফুলে তাঁর পত্নী সাবিত্রী ফুলে'র সঙ্গে মহিলাদের শিক্ষা ও সবলীকরণের লক্ষ্যে কাজ করে গেছেন । এবং বৈষম্য দূর করার জন্য তাঁরা আজীবন সংগ্রাম করে গেছেন । রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু , উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সংসদ ভবন প্রাঙ্গণের প্রেরণাস্থলে থাকা জ্যোতিরাও ফুলে'র প্রতিমূর্তিতে পুষ্পাঞ্জলি অর্পণ করেছেন। তাঁর জন্মবার্ষিকীর সঙ্গে সঙ্গতি রেখে দেশের বিভিন্ন প্রান্তে আজ নানা কার্যসূচির আয়োজন করা হয়েছে ।

রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় বলেছেন যে- মহাত্মা ফুলে সমাজের প্রান্তিক শ্রেণীর লোকেদের উন্নয়নের উদ্দেশে নিজের জীবন উৎসর্গ করেছিলেন । তিনি আরো বলেন যে- এই সমাজ সংস্কারকের নারীশিক্ষার অগ্রগতির জন্য রাখা অবদানের জন্যেই তিনি সমাজে সংস্কার এবং নিম্নবর্ণের অর্ন্তভুক্তির দীর্ঘস্থায়ী ধারার প্রবর্তন করেছেন ।

উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকড় তাঁর বার্তায় ন্যায় এবং বৈষম্যহীন সমাজের ভিত গড়ে তোলার ক্ষেত্রে মহাত্মা ফুলের অবদানের কথা স্মরণ করেছেন । তিনি একইসঙ্গে সাম্য, সামাজিক ন্যায় এবং সবলীকরণের এই আদর্শবলী ভবিষ্যত প্রজন্মকে এক সর্বাত্মক ভারত গড়ে তোলার অনুপ্রেরণা যুগিয়ে যাবে বলে আশা প্রকাশ করেছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী  এই মহান সমাজ সংস্কারকের নৈতিক সাহস, আত্মদৃষ্টি এবং সমাজের কল্যাণের প্রতি অভূতপূর্ব আত্মোৎসর্গের প্রেরণাদায়ক উদাহরণ বলে অভিহিত করেছেন । মহাত্মা ফুলের দুশো বছরের বার্ষিকী উপলক্ষে লেখা একটি নিবন্ধ

শেয়ার করে শ্রী মোদী বলেছেন যে- এই সমাজ সংস্কারক শিক্ষা, জ্ঞান এবং জনসাধারণের কল্যাণের জন্যে জীবন উৎসর্গ করে গেছেন ।

কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্‌ও জ্যোতিরাও ফুলে'র প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় শ্রী শাহ্ বলেছেন যে- জ্যোতিবা ফুলে এমন একজন শিক্ষাবিদ ছিলেন, যিনি শিক্ষাকে সমাজ সংস্কারের সবচায়ে ফলপ্রসূ মাধ্যম বলে গণ্য করেছিলেন । মহাত্মা ফুলে মহিলাদের শিক্ষা ও সবলীকরণের ক্ষেত্রে অভূতপূর্ব অবদান রেখে গেছেন বলে তিনি মত প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------

মহাত্মা জ্যোতিরাও ফুলে'র দ্বিশত তম জন্মবার্ষিকীর সূচনায় তাড় প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে ছাত্র সংগঠন- এ আই ডি এস ও'র কাছাড় জেলা কমিটি । সংগঠনটির কেন্দ্রীয় কাউন্সিলের আহ্বানে এই মহান ব্যক্তির জন্মের দ্বিশত বর্ষ ধর্মনিরপেক্ষ- বিজ্ঞানভিত্তিক- গণতান্ত্রিক ও সর্বজনীন শিক্ষা ব্যবস্থা রক্ষার দাবিকে সামনে রেখে যথাযোগ্য মর্যাদায় পালনের সংকল্প গ্রহণ করা হয়েছে । এ আই ডি এস ও'র কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে আজকের এই দিনটিকে দেশব্যাপী সরকারি শিক্ষা বাঁচাও দিবস হিসেবে পালন করা হয়েছে । এই উপলক্ষে আজ শিলচরে সংগঠনটির জেলা কার্যালয়ে জ্যোতিরাও ফুলে'র প্রতিকৃতিতে মাল্যদান করা হয়েছে । সংগঠনের পক্ষ থেকে এক প্রেসবার্তায় অভিযোগ করে বলা হয়েছে যে- জাতিভেদ প্রথা নির্মূল করার আইন থাকলেও এই কুপ্রথাকে বাঁচিয়ে রাখতে এবং জনসাধারণের মধ্যের ঐক্যকে ভেঙে দেওয়ার জন্য একাংশ লোক প্রয়াস চালিয়ে যাচ্ছে । তারা জ্যোতিরাও ফুলের আদর্শ অনুসরণ করে সমাজ জীবনে তা ছড়িয়ে দিতে সমগ্র দেশের সঙ্গে কাছাড় জেলায়ও বর্ষব্যাপী কার্যসূচি পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে ।

---------------------------------------------------------------------------

নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে শ্রীভূমি জেলার উত্তর-করিমগঞ্জ বিধানসভা আসনের ১২৩ নম্বর এলাকার অর্ন্তগত ২৩৯ নম্বর ব্যাবিলেন্ড ইংরাজী হাইস্কুল ভোটকেন্দ্রে আজ পুনরায় ভোটগ্রহণ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে । বিকেল ৫ টা পর্যন্ত এই কেন্দ্রে মোট ৬১ দশমিক ৬৭ শতাংশ ভোটদান হয়েছে বলে আমাদের শ্রীভূমি জেলার

সংবাদদাতা জানিয়েছেন ।সকাল থেকেই ভোটদাতারা সারিবদ্ধভাবে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে শান্তিপূর্ণভাবে তাঁদের ভোটদান করেন । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী এবং পুলিশ প্রশাসনের আধিকারিকরা ভোটগ্রহণ চলাকালীন সময়ে ভোটকেন্দ্রটি পরিদর্শন করে সার্বিক পরিস্থিতি ,নিরাপত্তা ব্যাবস্থা এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি খতিয়ে দেখেন ।

উল্লেখ্য গত বৃহস্পতিবার অনুষ্ঠিত ভোটগ্রহণ সম্পর্কীত  প্রতিবেদন ও সামগ্রীক পরিস্থিতি পর্যালোচনা করে নির্বাচন কমিশনের সচিবালয় জনপ্রতিনিধিত্ব আইন ১৯৫১ র ৫৮ নম্বর ধারা অনুসারে কেন্দ্রটিতে হওয়া ভোটগ্রহণ বাতিল করেছিলেন । এর পরিপ্রেক্ষিতে আজ পুনরায় ভোটকেন্দ্রটিতে ভোটগ্রহণ করা হয়েছে । এ সম্পর্কে আমাদের শ্রীভূমি জেলার সংবাদদাতা জানান---

বাইট

-----------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ আজ শিলচরের বারিকনগর দ্বিতীয় খন্ডে অভিযান চালিয়ে  মাদক দ্রব্য চোরাচালানের সঙ্গে জড়িত সন্দেহে দুই ব্যাক্তিকে আটক করেছে । তাদের কাছ থেকে ২১৬ গ্রাম ওজনের সন্দেহযুক্ত হেরোইন বাজেয়াপ্ত করা হয়েছে ।  ১৯ টি সাবানের কেসে করে এই নেশাজাতীয় সামগ্রী নিয়ে যাওয়া হচ্ছিল । এর বাজারমূল্য আনুমানিক ১ কোটি ৮ লক্ষ বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে । এছাড়াও ধৃতদের কাছ থেকে দুটি মোবাইল সেট ,একটি বাইক ও নগদ ৫০০ টাকা উদ্ধার করা হয়েছে । উল্লেখ্য পুলিশ গোপন সূত্রের তথ্যের ভিত্তিতে শিলচর অভিমুখে আসা একটি বাইক থেকে মাদক দ্রব্য চোরাচালানের এই দলটিকে আটক করে ।

-----------------------------------------------------------------------------------

আসাম রাজ্য গ্রামীণ জীবিকা অভিযানের উদ্যোগে এবং জেলা প্রশাসনসমূহের সহযোগীতায় রাজ্যের বিভিন্ন স্থানে অসমী বহাগী মেলা -২০২৬ অনুষ্ঠিত হচ্ছে ।

এরই অংশ হিসেবে কাছাড় জেলা মিশন ব্যবস্থাপনা শাখার উদ্যোগে শিলচরে আজ থেকে বহাগী মেলা আরম্ভ হয়েছে । চলবে আগামী ১৩ এপ্রিল পর্যন্ত । কাছাড় জেলার স্ব-নির্ভর গোষ্ঠীসমূহের সদস্যদের দ্বারা হস্তনির্মিত সৃজনশীল ও স্থানীয়ভাবে উৎপাদিত

বিভিন্ন সামগ্রীর প্রদর্শনী ও বিক্রয়ের জন্য একটি মঞ্চ প্রদান করা হচ্ছে এই মেলা আয়োজনের মূল উদ্দেশ্য ।

শ্রীভূমি জেলার রমণীমোহন ইনস্টিটিউটেও আজ থেকে বহাগী মেলা আরম্ভ হয়েছে ।

ডিমা হাসাও জেলার হাফলং লাল ফিল্ডে আজ থেকে তিনদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে বহাগী মেলা অনুষ্ঠিত হচ্ছে । উত্তর-কাছাড় পার্বত্য স্ব-শাসিত পরিষদের মূখ্য সচিব পার্থ জহরী এই মেলার উদ্বোধন করেন । এই মেলায় বিভিন্ন মহিলা সমিতির প্রস্তুত করা পিঠে পুলি ,হস্তশিল্প ,বস্ত্র ইত্যাদি সামগ্রী বিক্রয়ের ব্যবস্থা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

আসন্ন ১৪৩৩ বঙ্গাব্দকে স্বাগত জানাতে আগামী পয়লা বৈশাখ- বুধবার অর্থাৎ ১৫ই এপ্রিল বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের উদ্যোগে এক শোভাযাত্রার আয়োজন করা হয়েছে । সম্মেলনের আদর্শ- বৃহত্তর বাঙালি জাতিসত্তার ভাবনাকে সামনে রেখে বরাক উপত্যকার বিভিন্ন ভাষা ও জনগোষ্ঠীর লোকেদের নিয়ে, ঐক্য ও সম্প্রীতির বার্তায় পৌঁছে দিতে ঐক্যবদ্ধভাবে এই শোভাযাত্রার আয়োজন করা হয়েছে । সম্মলনের পক্ষ থেকে আজ আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সংগঠনটির কর্মকর্তারা একথা জানিয় আরো বলেন যে- বরাক উপত্যকার বহুভাষিক সহাবস্থানের পাশাপাশি অর্ন্তভুক্তিমূলক বাঙালি পরিচয়ের চেতনাকে আরো জোরদার করার উদ্দেশ্যে এই শোভাযাত্রার আয়োজন করা হয়েছে বলে জানানো হয়েছে । উল্লেখ্য- ওইদিন সকাল সাড়ে ছ'টায় শিলচর জেলা ক্রীড়া সংস্থার মাঠে জমায়েত হবে । এরপর সকাল সাতটায় শোভাযাত্রা শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে শিলচর বঙ্গ ভবনে এসে শেষ হবে । এই শোভাযাত্রাকে সফল করে তুলতে শিলচর ব্যায়াম বিদ্যালয়, সম্মিলিত সাংস্কৃতিক মঞ্চ, রূপম, পূবালী সহ বিভিন্ন সংগঠন একযোগে এই সামিল হচ্ছে বলে সংগঠনের কর্মকর্তারা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------